

বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-২ শাখা

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক প্রতিবেদন ২০২১-২২ শীর্ষক প্রকাশনাটি প্রকাশের লক্ষ্যে
যাচাই-বাছাই কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	শেখ মোঃ কাবেদুল ইসলাম অতিরিক্ত সচিব
সভার তারিখ	১৩ সেপ্টেম্বর ২০২২, মঙ্গলবার,
সভার সময়	বেলা ১১ টা
স্থান	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ ব্লক-বি, লেভেল-১০,
উপস্থিতি	পতাকা- 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তাঁর অনুমতিক্রমে জনাব মোছাঃ সুলতানা পারভীন, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) সভা আহ্বানের কারণ ও সভার বিষয়বস্তু সকলকে অবহিত করেন। তিনি বলেন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক প্রতিবেদন ২০২১-২২ প্রস্তুত/মুদ্রণ/প্রকাশ করার লক্ষ্যে যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা)-কে সভাপতি করে বিগত ২১ জুলাই ২০২২ তারিখে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির প্রথম সভার সিদ্ধান্ত অনুসারে ৪ টি উপ-কমিটি (তথ্য সংগ্রহ সংক্রান্ত উপকমিটি, প্রচ্ছদ সংক্রান্ত উপকমিটি, ছবি সংগ্রহ সংক্রান্ত উপকমিটি এবং বাণী ও Acronyms উপকমিটি) গঠন করা হয়। উপকমিটিসমূহের ৪টি সভায় বিগত বছরসমূহের এ বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয় ও বিভাগের বার্ষিক প্রতিবেদন পর্যালোচনাক্রমে ২০২১-২২ অর্থবছরের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বিভিন্ন অধিশাখা/শাখা এবং বিবিএস এর সংশ্লিষ্ট অনুবিভাগ থেকে কার্যক্রমের তথ্য সংগ্রহ করে বার্ষিক প্রতিবেদন ২০২১-২২ এর খসড়া প্রস্তুত করা হয়। প্রস্তুত খসড়া প্রতিবেদনটি এ বিভাগের ৩০ জানুয়ারি, ২০২২ তারিখের ৫২.০০.০০০০.০১৯.২৬.০২৪.১৯-২৯ নং স্মারকে বিবিএস কর্তৃক প্রণীত বিভিন্ন রিপোর্ট/প্রকাশনার পাণ্ডুলিপি যাচাই-বাছাইয়ের লক্ষ্যে গঠিত কমিটিতে যাচাই-বাছাই-এর নিমিত্ত উপস্থাপন করা হয়।

অতঃপর বার্ষিক প্রতিবেদন ২০২১-২২ শীর্ষক প্রতিবেদন এর খসড়া উপস্থাপন করা হলে সভাপতি, প্রতিবেদনের বিষয়ে মতামত প্রদানের জন্য প্রতিবেদন যাচাই-বাছাই কমিটির সম্মানিত সদস্যগণের প্রতি অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্যগণ প্রতিবেদন যাচাই-বাছাইপূর্বক যেসকল ত্রুটি/বিচ্যুতি পেয়েছেন সেগুলো সংশোধনের সুপারিশসহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

৩। বিস্তারিত আলোচনা ও প্রাপ্ত মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) যাচাই বাছাই কমিটির সদস্য ও সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাগণ কর্তৃক প্রতিবেদনটিতে প্রাপ্ত ত্রুটি-বিচ্যুতি ও অসঙ্গতিসমূহ সংশোধন করতে হবে।

৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।



শেখ মোঃ কাবেদুল ইসলাম
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০১৯.১৬.০৪১.১৯-১৭০

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯

১৫ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্মসচিব, যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ২) যুগ্মসচিব, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৩) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৪) উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৫) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৬) উপসচিব, বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৭) উপসচিব, তথ্য ব্যবস্থাপনা-১ শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৮) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৯) সিনিয়র সহকারী সচিব, তথ্য ব্যবস্থাপনা-২ শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১০) একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১১) প্রোগ্রামার, প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১২) উপপরিচালক, এফএ এন্ড এমআইএস, প্রকাশনা শাখা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
- ১৩) ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ



মোঃ আতিক এস. বি. সাত্তার
সিনিয়র সহকারী সচিব